

## 💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ কংকর নিক্ষেপ رَمْيُ الْجِمَارِ রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৫৩- আইয়্যামে তাশরীকের (অর্থাৎ ১১, ১২ ও ১৩ই যিলহজ্জ তারিখে) কংকর নিক্ষেপের সুন্নাত তরীকাগুলো কী

## তরীকাগুলো নিম্নরূপঃ

- (১) দুপুর হলে পরে কংকর নিক্ষেপ আগে, এরপর যুহরের সালাত আদায় এভাবে সিরিয়াল করা মুস্তাহাব। (বুখারী) প্রচন্ড ভীড় থাকে বিধায় এ সিরিয়াল ঠিক রাখার চেষ্টা না করাই ভাল।
- (২) মিনার মসজিদে 'খায়েফ' থেকে কাবার দিকে অগ্রসর হলে প্রথমে ছোট এরপর মধ্যম এবং শেষে বড় জামরা দেখতে পাবেন। আগে ছোট 'জামারায়' কংকর নিক্ষেপ করে এটাকে বামে রেখে এখান থেকে একটু এগিয়ে গিয়ে কিবলামুখী হয় দাঁড়িয়ে 'আলহামদুলিল্লাহ', 'আল্লাহু আকবার', 'লা ইলাহা ইল্লাল্লাহ' পড়বেন এবং দু'হাত উঠিয়ে দোয়া করবেন।
- (৩) এরপর যাবেন মধ্যম 'জামারায়'। এখানেও পূর্বের মত 'আল্লাহু আকবার' বলে প্রতিটি কংকর নিক্ষেপ করবেন এবং পরে 'আলহামদুলিল্লাহ' আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ, পড়বেন এবং কিবলামুখী হয়ে দাঁড়িয়ে দু'হাত উঠিয়ে আরবীতে বাংলায় যত পারেন লম্বা মুনাজাত করবেন। একাকি মুনাজাত করাই সুন্নাত।
- (৪) সবশেষে বড় জামরায় এসে ৭টি কংকর মেরে আর থামবেন না সেখানে। জামারা ত্যাগ করবেন। একই নিয়মে শেষ ৩ দিন প্রতিদিন ৭+৭+৭= ২১টি করে কংকর নিক্ষেপ করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2701

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন